

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭২৪

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ মাদীনা সেখান থেকে মন্দ লোকদের দূর করে দেয়, যেভাবে হাপর ময়লা দূর করে মর্মে বর্ণনা

ذَكَرُ نَفِي الْمَدِينَةِ عَنْ نَفْسِهَا الْخَبَثَ مِنَ الرِّجَالِ كَالْكِيرِ

আরবী

3724 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ: عَنْ جَابِرٍ: أَنَّ أَعْرَابِيًّا بَايَعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْإِسْلَامِ فَأَصَابَ الْأَعْرَابِيَّ وَعْكٌ بِالْمَدِينَةِ فَخَرَجَ الْأَعْرَابِيُّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا الْمَدِينَةُ كَالْكِيرِ تَنْفِي خَبَثَهَا وَيَنْصَعُ طَيِّبُهَا)

الراوي : جَابِرُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3724 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (217):

ق.

বাংলা

৩৭২৪. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক বেদুঈন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে ইসলামের উপর বাইয়াত গ্রহণ করেন। অতঃপর সেই বেদুঈনকে জ্বর পেয়ে বসে, ফলে সে মাদীনা থেকে বের হয়ে যায়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই মাদীনা হলো হাপরের ন্যায়, এটি ময়লা দূর করে এবং ভালোকে খাঁটি করে।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৮৬; মুসনাদ আহমাদ: ৩/৩০৬; সহীহুল বুখারী: ৭২০৯; সহীহ মুসলিম: ১৩৮৩; তিরমিযী: ৩৯২০; নাসাঈ: ৭/১৫১; তাহাবী, মুশকিলুল আসার: ২/২৯৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১২/১৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২১৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93061>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন